



শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd



নং-৩৭.০৪.২৬৬৩.৪০২.১৭.০০২.১৮(পাট)- ৩০৬২ (২৫০)

তারিখ: ০৫/০৬/২০২২  
১২/০৬/২০২২ খ্রি


নোটিশ

করোনভাইরাসজনিত রোগ (কোভিড-১৯)-এর নতুন ভ্যারিয়েন্ট ওমিক্রন-এর প্রাদুর্ভাব ও দেশে এই রোগের সংক্রামণ পরিস্থিতি পর্যালোচনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত, দেশের আর্থ-সামাজিক অবস্থা, অর্থনৈতিক কর্মকান্ড সচল রাখা এবং সামগ্রিক পরিস্থিতি বিবেচনায় অফিস-আদালতসহ ঘরের বাইরে অবশ্যই মাস্ক ব্যবহার করতে হবে। সম্প্রতি বিভিন্ন প্রচার মাধ্যমে প্রকাশিত ও পরিবেশিত তথ্যমতে মাস্ক ব্যবহারে কিছুটা শৈথিল্য পরিলক্ষিত হচ্ছে। কাজেই স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং মাস্ক ব্যবহারের বিষয়ে সকল কোর্স পরিচালক ও নায়েম জামে মসজিদে জুমার নামাজের খুতবায় ইমাম সাহেব সংশ্লিষ্টদের সচেতন করবেন। বিশেষ করে পাঁচ ওয়াক্ত নামাজের সময় ইমাম সাহেব মসজিদে আগত প্রশিক্ষণার্থী এবং মুসল্লিদের মাস্ক ব্যবহারের জন্য অবশ্যই সচেতন করবেন।

২। মন্ত্রিপরিষদের ১০ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে জারিকৃত কোভিড-১৯-এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ সংক্রান্ত পত্র নম্বর: ০৪.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১ অনুযায়ী কোভিড আক্রান্তের হার ক্রমবর্ধমান হওয়ায় উন্মুক্ত স্থানে সকল প্রকার সামাজিক, রাজনৈতিক, ধর্মীয় অনুষ্ঠান এবং সমাবেশ পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বন্ধ রাখতে হবে।

৩। নায়েম-এর কর্মকর্তা-কর্মচারী, আগত সেবা গ্রহীতাগণ, আবাসিক হোস্টেল ও আবাসিক এলাকায় বসবাসরত ব্যক্তিসহ ক্যান্টিন/ক্যাফেটেরিয়া সর্বত্র সকলকে আবশ্যিকভাবে মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, ক্যাম্পাসে প্রবেশাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ এবং দৈনন্দিন অপরিহার্য অন্যান্য কার্যক্রমের সঙ্গে জড়িত যারা প্রবেশ করেন, তাঁদেরকেও মাস্ক ব্যবহারের বিষয়ে সচেতন ও সতর্ক থাকতে হবে। এ বিষয়ে আনসারদের অধিকতর সতর্কতার সাথে দায়িত্ব পালন করতে হবে।

৪। এ বিষয়ে সকলের সহযোগিতা একান্ত কাম্য।


  
(প্রফেসর ড. মোঃ নিজামুল করিম)  
মহাপরিচালক  
ফোন: ৫৫১৬৭৫২৯  
e-mail: dg@naem.gov.bd

নং-৩৭.০৪.২৬৬৩.৪০২.১৭.০০২.১৮(পাট)- ৩০৬২

তারিখ: ০৫/০৬/২০২২  
১২/০৬/২০২২ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেওয়া হলো:

- ১-৪। পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/পরিকল্পনা ও উন্নয়ন, নায়েম, ঢাকা
- ৫। সকল কর্মকর্তা-কর্মচারী, নায়েম, ঢাকা
- ৬-১০। সকল হোস্টেল সুপার/সহকারী সুপার, নায়েম, ঢাকা
- ১১। কম্পিউটার প্রোগ্রামার, নায়েম, ঢাকা (তাকে বিজ্ঞপ্তি নায়েমের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২। জনাব মোঃ সামছুল আলম, প্রধান সহকারী ও সদস্য, নায়েম জামে মসজিদ কমিটি, নায়েম, ঢাকা
- ১৩। ইমাম, নায়েম জামে মসজিদ, নায়েম, ঢাকা (মসজিদে উপস্থিত সম্মানিত মুসল্লিগণকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করা এবং সাবান পানি দিয়ে হাত পরিষ্কার করে, মসজিদে প্রবেশ করতে সচেতন করার জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ১৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৫। পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১৬। নায়েম-এ নিয়োজিত আনসার কমান্ডার, নায়েম, ঢাকা (স্বাস্থ্যবিধি মেনে টীমের সকলে নিজে মাস্ক ব্যবহার করবেন এবং আগত সেবা গ্রহীতা ও অন্যান্য সকলকে আবশ্যিকভাবে মাস্ক ব্যবহারের বিষয়ে নিশ্চিতকরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)
- ১৭। অফিস নথি

  
(প্রফেসর ড. শাহ মোঃ আমির আলী)  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন: ৫৫১৬৭৪০৮